তারিখ ...... 9 MAR. 20.3
পৃষ্ঠা ... ৫ ... কলাম .... ৩ ....

সংবাদ

# শিক্ষাখাতের জন্য অন্যখাত থেকে টাকা কেটে নিতে হবে

মুন্সিগঞ্জ থেকে নিজস্ব সংবাদদাতা ঃ অর্থ ও পরিকল্পনামন্ত্রী এম. সাইফুর রহমান বলেছেন, বছরে শিক্ষাখাতে প্রয়োজন ৪শ' ৮৬ কোটি টাকা। অথচ দিতে পেরেছি মাত্র ২শ' কোটি টাকা। এখন শিক্ষা খাতের বাকি টাকা দিতে হলে অন্য খাত থেকে টাকা কেটে দিতে হবে।

রোববার বিকেলে মুন্সিগঞ্জে বছিরন্নেছা উচ্চ বিদ্যালয়ের নতুন ভবনের ভিত্তিপ্রস্তর স্থাপন ও পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যকালে তিনি একথা বলেন।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন ভূমিমন্ত্রী এম. শামসুল ইসলাম, শিক্ষা প্রতিমন্ত্রী আ. ন. ম এহছানুল হক মিলন, বস্ত্র প্রতিমন্ত্রী মিজানুর রহমান সিনহা। বছিরন্নেছা উচ্চ বিদ্যালয়ের পরিচালনা কমিটির সহ-সভাপতি সাইফুল ইসলাম বাবুর সভাপতিত্বে অন্যদের মধ্যে বক্তব্য রাখেন, শিক্ষা প্রকৌশলী অধিদপ্তরের প্রধান প্রকৌশলী অধিদপ্তরের প্রধান প্রকৌশলী জাহিদুর রহমান, পুলিশ সুপার ইব্রাহিম ফাতেমি, বিদ্যালয়ের প্রধান শিক্ষিকা পরিনা বেগম প্রমুখ।

মন্ত্রী বলেন, সম্পদের সীমাবদ্ধতা থাকা সত্ত্বেও আমরা প্রথম পদক্ষেপ নিয়েছি প্রাইমারি শিক্ষা, দেশে বর্তমানে ৫০ ভাগের বেশি মেয়েরা পড়াশুনা করছে।